অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/20/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গণতন্ত্র বলীয়ান ও ভোটাধিকারের সুরক্ষার জন্য বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন

বিধিমালা (S. 6195/A.1177), বিধিমালা Legislation (S. 5984-A/A. 6132-A), বিধিমালা (S. 6519-A/A. 1565-A) এবং বিধিমালা (S. 7394-A/A. 7632-A) দ্রুত ভোটদানের অনুশীলনকে বলীয়ান করে

বিধিমালা (S. 5965-A/A. 4009-A), বিধিমালা (S. 587/A. 268), এবং বিধিমালা (S. 1733-A/A. 5180-A) এবং বিধিমালা (S. 7550/A. 7690) নির্বাচন সংক্রান্ত শিক্ষা উন্নত করে

বিধিমালা (S. 350/A. 5874) এবং বিধিমালা (S. 438/A. 928) নিউ ইয়র্কবাসীর ভোট রক্ষা করে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটে গণতন্ত্র বলীয়ান করতে ও ভোটাধিকারের সুরক্ষার জন্য বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন। বিধিমালার প্যাকেজটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য ব্যালট বাক্সের অ্যাক্সেস উন্নত ও সুরক্ষিত রাখার প্রয়াসে নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রয়াসের অনুবর্তী, যার মধ্যে রয়েছে গত বছর দেশের সর্বাধিক বিস্তৃত স্টেট পর্যায়ের ভোটাধিকার আইন, জন আর. লুইস নিউ ইয়র্ক ভোটাধিকার আইনের (John R. Lewis Voting Rights Act of New York) প্রণয়ন।

"আমাদের নির্বাচন প্রক্রিয়ার বিশুদ্ধতা নিরাপদ রেখে এবং ব্যালট বাক্সের সমান অ্যাক্সেস নিশ্চিত করে, আমরা প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে নিজের মত প্রদানের ক্ষমতা দিচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "আমাদের গণতান্ত্রিক প্রক্রিয়া বলীয়ান করা, প্রত্যেক নাগরিকের জন্য ভোটাধিকারের পক্ষে কাজ করা এবং ভোটাধিকারের ক্ষেত্রে দেশসেরা হিসেবে আমাদের অবস্থান পাকাপোক্ত করতে নিউ ইয়র্ক প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে।"

"আমাদের গণতন্ত্রের জন্য ভোটাধিকার মৌলিক এবং এই অধিকার খর্ব করার যেকোনও প্রয়াস হলো আমাদের স্বাধীনতাকে আক্রমণ করা," **বলেন লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো।** "সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে নিজেদের বক্তব্য প্রকাশ এবং নিজেদের মতামত জানানোর সুযোগ থাকে তা নিশ্চিত করে ভোটাধিকারের সুরক্ষায় শীর্ষে থাকতে পেরে নিউ ইয়র্ক গর্বিত।"

দ্রুত ভোটদান অনুশীলন বলীয়ান করা
বিধিমালা (S. 6195/A.1177) অনুপস্থিত ব্যালটকে গণনা করতে দেয় যদি তা টেপ করা থাকে এবং প্রতারণার কোনও লক্ষণ না থাকে।

বিধিমালা (S. 5984-A/A. 6132-A) দ্রুত ভোটদানের সময়কালের প্রথম দিন একটি "সুবর্ণ দিন" তৈরি করে যখন নিউ ইয়র্কবাসীরা তাদের পোলিং স্থানে গিয়ে একই দিনে ভোটের জন্য নিবন্ধন এবং ব্যালট প্রদান করতে পারবে।

স্টেটের সিনেটর ব্রায়ান কাভানাহ বলেন, "ভোটদানের জন্য নিউ ইয়র্কবাসীর অ্যাক্সেস ব্যাপকভাবে বৃদ্ধি করা এবং আমরা যেভাবে নির্বাচন করি তার মূলত সকল দিককে নাটকীয়ভাবে উন্নত করার ক্ষেত্রে আমাদের সাম্প্রতিক বছরগুলির সাফল্যের অনুবর্তী হলো এই প্যাকেজের সংশোধনসমূহ, যার মধ্যে দ্রুত ভোটদানের জন্য নিবন্ধন ও অংশগ্রহণ সহজ করার আমার বিলটি রয়েছে। এই প্যাকেজটিকে সমর্থন করতে পেরে আমি গর্বিত, এবং সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, ডেপুটি লিডার মাইকেল জিয়ানারিস, নির্বাচন প্রধান জেলনোর মাইরি এবং ল্যাট্রিস ওয়াকার, অ্যাসেম্বলি স্পন্সর জোঅ্যান সাইমন এবং রবার্ট ক্যারোল, এবং সরকারে আমাদের সকল গণতন্ত্রের অ্যাডভোকেট ও সহকর্মী, এবং অবশ্যই এটি এবং অন্য আরো অনেক ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের অবিচল নেতৃত্বের জন্য আমি তাদের প্রশংসা করতে চাই ও ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য রবার্ট ক্যারোল বলেন, "স্টেটের একজন অ্যাসেম্বলি সদস্য হিসেবে আমার সব সময়ের বিধানিক অগ্রাধিকারগুলির একটি হচ্ছে নিউ ইয়র্ক যাতে স্টেটের প্রত্যেক ভোটারকে তাদের ভোটাধিকার প্রয়োগের জন্য যথাযথ ব্যবস্থা প্রদান করার জন্য প্রতিষ্ঠিত সেরা অনুশীলন অনুসরণ করে। এই বিলটি নিউ ইয়র্কের সেকেলে ভোটদান আইন সংশোধন করা আমার পূর্ববর্তী বিধিমালার অনুবর্তী এবং এটি ভবিষ্যতে এটিকে আরো উন্নত করার কেটি নীলনকশা প্রদান করে। গভর্নর হোকল যে বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করেছেন তা দেখে আমি আনন্দিত।"

বিধিমালা (S. 6519-A/A. 1565-A) দ্রুত ভোটদান সময়কালের জন্য পোলিং স্থানের অবস্থান পরিবর্তন করার একটি সময়সীমা নির্ধারণ করে।

অ্যাসেম্বলি সদস্য জো অ্যান সাইমন বলেন, "নাগরিক হিসেবে আমাদের সবথেকে মৌলিক অধিকার গুলির একটি হলো ব্যালট বাক্সের অ্যাক্সেস লাভ করা, সেজন্য মানুষের নিবন্ধন, ভোটদান এবং ভোট গণনা সহজতর করার ব্যাপারে নিউ ইয়র্ক নেতৃত্ব দিচ্ছে। দ্রুত পোলিং সাইটের পরিবর্তন যাতে ভোটারদের সময়মতো জানানো হয় তা নিশ্চিত করার আমার বিলকে গভর্নর আইন হিসেবে স্বাক্ষর করেছেন দেখে আমি আনন্দিত। পোলিং সাইটের পরিবর্তন আগে থেকে না জানতে পারার ব্যাপারে আমার নাগরিকেরা হতাশ ছিলো, তাই নতুন এই আইনটির প্রয়োজন ছিলো। বিশেষ করে অক্ষমতাসহ ব্যক্তিরা সমস্যার সম্মুখীন হতে থাকে যেহেতু অধিকাংশ পোলিং সাইট সম্পূর্ণ অ্যাক্সেসিবল নয় এবং তাদের অনন্য যাত্রা ও অ্যাক্সেসিবিলিটি চাহিদা পূরণ করার ব্যবস্থা করার জন্য তাদের সময়মতো তথ্য প্রয়োজন।"

বিধিমালা (S. 7394-A/A. 7632-A) মেইলের মাধ্যমে দ্রুত ভোটদানের একটি ব্যবস্থা প্রতিষ্ঠা করে। বিধিমালাটি একটি প্রক্রিয়া তৈরি করবে যেখানে সকল যোগ্য, নিবন্ধিত নিউ ইয়র্ক স্টেট ভোটার নির্বাচনের পূর্বে মেইলের মাধ্যমে দ্রুত ভোটদানের সুযোগ পাবে। এই বিধিমালা অনুসারে দ্রুত মেইল ব্যালটের জন্য ভোটার অনুরোধের ব্যবস্থা করার জন্য একটি নতুন আবেদন প্রক্রিয়া তৈরি করা হবে। ভোটাররা যেই নির্বাচনে দ্রুত ভোটদান করতে ইচ্ছুক তার দশ দিন আগে পর্যন্ত মেইল ব্যালটের জন্য অনুরোধ করতে পারবে; নির্বাচন বোর্ড তখন পোস্টেজ পেইড রিটার্ন খামসহ সকল যোগ্য ও নিবন্ধিত ভোটারকে মেইল ব্যালট প্রদান করবে। দ্রুত মেইল ব্যালট অবশ্যই যথাযথ নির্বাচন বোর্ডের কাছে নির্বাচনের দিনের মধ্যে মেইলে ফেরত পাঠাতে হবে এবং নির্বাচনের দিনের সাত দিনের মধ্যে বোর্ড কর্তৃক গৃহীত হতে হবে। বিধিমালাটি নিউ ইয়র্ক স্টেটে ব্যালট অ্যাক্সেসের একটি উল্লেখযোগ্য বৃদ্ধির প্রতিনিধি, এবং এটি কয়েক মিলিয়ন নিউ ইয়র্ক ভোটারকে মেইলের মাধ্যমে দ্রুত ভোট প্রদানের একটি সহজ, নিরাপদ, এবং সুরক্ষিত ব্যবস্থা প্রদান করবে।

স্টেট সিনেটের ডেপুটি সংখ্যাগরিষ্ঠ নেতা মাইকেল জিয়ানারিস বলেন, "ভোটদান একটি মৌলিক অধিকার এবং ভোটদান যত সহজ হবে, আমাদের গণতন্ত্র তত স্বাস্থ্যবান হবে। সকল নিউ ইয়র্কবাসীর জন্য ব্যালট বাক্সের অ্যাক্সেস সম্প্রসারিত করতে আমাদের গুরুত্বপূর্ণ কাজকে আমরা অগ্রসর করে যাচ্ছি এবং তাই এই বিলগুলিতে গভর্নর স্বাক্ষর করেছেন দেখে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারিনেস রেয়েস বলেন, "ব্যালট বাক্সের অ্যাক্সেস সম্প্রসারিত করতে এই সাহসী ও যুগান্তকারী পদক্ষেপ গ্রহণের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। নাগরিকদের যখন সহজে ভোটদানের অ্যাক্সেস থাকে তখন আমাদের গণতন্ত্র পরিপুষ্ট ও বলীয়ান হয়। ভোটারদের মেইলের মাধ্যমে ভোটদান করতে দিয়ে আমরা ভোটারদের নিজেদের বক্তব্য প্রকাশ করার ক্ষেত্রে একটি অতি জটিল প্রতিবন্ধকতা অপসারণ করে দিচ্ছি: যা হলো নিজেদের নির্দিষ্ট পোলিং স্থানে সশরীরে উপস্থিত হয়ে ব্যালট দান করার জন্য সময় বের করা। আমাদের স্টেট এবং এর কর্মকাণ্ডে নিজেদের মতামত নিবন্ধন করার এই অতি গুরুত্বপূর্ণ বিকল্প ভোটারদের প্রদান করার মাধ্যমে নিউ ইয়র্ক 35টি অন্য স্টেটের সাথে যোগদান করলো। আজকের মহান দিনকে সম্ভব করতে সাহায্য করার জন্য সিনেটর জিয়ানারিস, আইনসভায় আমার সহকর্মীবৃন্দ এবং ভোটাধিকার অ্যাডভোকেটদের আমি ধন্যবাদ জানাতে চাই।"

<u>নির্বাচনী শিক্ষা উন্নত করা</u>

বিধিমালা (S. 5965-A/A. 4009-A) ভোটদানের উপযুক্ত বয়সের ব্যক্তিদেরকে স্থানীয় সংশোধন ব্যবস্থা থেকে বের হয়ে আসার সময় ভোটার নিবন্ধন তথ্য প্রদান করা স্থানীয় কারাগারগুলির জন্য আবশ্যিক করে।

স্টেটের সিনেটর জামাল টি. বেইলি বলেন, "আমাদের দেশের পুরো ইতিহাসজুড়ে স্বাধীনতা ও ন্যায়বিচারের লড়াইয়ের সকল অগ্রগতির কেন্দ্রে রয়েছে ভোটাধিকার। আমাদের ভোট আমাদের ক্ষমতা, এবং সকল নিউ ইয়র্কবাসী যাতে তাদের অতীত নির্বিশেষে এই মৌলিক অধিকার অনুশীলন করার ক্ষমতা পায় তা নিশ্চিত করার জন্য অ্যাসেম্বলি সদস্য এডি গিবসের সাথে এই বিধিমালাটি স্পন্সর করতে পেরে আমি গর্বিত। যদিও আমাদের স্টেট ব্যালট অ্যাক্সেস

উন্নত করতে অসাধারণ অগ্রগতি করেছে, কিন্তু গণতান্ত্রিক প্রক্রিয়ায় সম্পূর্ণ অংশগ্রহণ করা এবং নিজদের ভোটার ক্ষমতা ব্যবহার করা থেকে ব্যক্তিদেরকে বিরত রাখে এমন বিদ্যমান প্রতিবন্ধকতার মোকাবেলা আমাদেরকে এখনো করতে হচ্ছে। বিচার ব্যবস্থার সাথে জড়িয়ে পড়া নিউ ইয়র্কবাসীদের তাদের ভোটাধিকার সম্পর্কে অবগত করা নিশ্চিত করে এই বিধিমালাটি পূর্বে কারাবন্দী ব্যক্তিদের ডিজএনফ্র্যাঞ্চাইজমেন্ট শেষ করার এবং কৃষ্ণাঙ্গ ও বাদামি সম্প্রদায়সমূহকে অসামঞ্জস্যপূর্ণভাবে প্রান্তিক করে রাখা পদ্ধতিগত অন্যায় সংশোধন করার দিকে একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ গ্রহণ করে। আমি অ্যাসেম্বলি সদস্য এডি গিবসকে ধন্যবাদ জানাতে চাই, যার ব্যক্তিগত যাত্রা এবং নেতৃত্ব অ্যাসেম্বলিতে এই বিধিমালার পক্ষে কথা বলার জন্য অপরিহার্য ছিলো। এছাড়াও আমি বিধিমালাটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে এবং সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার কার্ল হিস্টি, এবং উভয় হাউজে আমার সহকর্মীদেরকে আরো সমতার ও অন্তর্ভুক্তিকর গণতন্ত্রের প্রতি তাদের প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য এডি গিবস বলেন, "নিউ ইয়র্ক স্টেটের সরকারি অফিসে, এবং মার্কিন যুক্তরাষ্ট্রের যেকোনও সরকারে দায়িত্বরত প্রথম ভূতপূর্ব কয়েদি পুরুষ হিসেবে, এই আইনটি আমার হৃদয়ের খুবই কাছের একটি আইন। সম্প্রতি আমি আমার জীবনের সবথেকে অনুপ্রেরণা দানকারী দুইটি তারকাকে হারিয়েছি - আমার সুন্দর মা ভ্যালেরি গিবস, এবং আমার প্রাণপ্রিয় কন্যা অ্যারিয়েল গিবস। আমি বাড়ি ফেরার পর থেকে আমার মা এবং আমার কন্যা উভয়ের ভালোবাসা ও শক্তি আমাকে সুস্থ ও মনযোগী করে রেখেছে, এবং আমি যতদিন বাঁচবো তার প্রতিদিন আমি ন্যায়সঙ্গতভাবে বাঁচার এবং আমার জনসেবার মাধ্যমে তাদের স্মৃতিকে সম্মান জানানোর চেষ্টা করবো। নতুন আইনটি হলো মন পরিবর্তন করে বাড়ি ফেরা সকল মানুষের ভালোবাসার ফল যাদের নিজেদের জীবন পরিবর্তন করার জন্য শুধু একটি সুযোগ এবং সংস্থানের অ্যাক্সেস প্রয়োজন ছিলো। নাগরিকদের জড়িত করা এবং ভোটাধিকার পুনঃস্থাপন করা সেই পরিবর্তনের একটি মুখ্য ধাপ। আজকে এখানে থাকার জন্য গভর্নর হোকল, স্পিকার হিস্টি, সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, সরকারে এবং আমার জীবনে আমার ভাই সিনেটর বেইলি, আমার সহকর্মী, বন্ধু, মিত্র, এবং আমার সম্পূর্ণ দলকে ধন্যবাদ জানছি।"

বিধিমালা (S. 587/A.268) নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ডের জন্য সকল পোল ওয়ার্কারকে একটি প্রশিক্ষণ কর্মসূচি প্রদান আবশ্যিক করে।

স্টেটের সিনেটর লেরোয় কমরি বলেন, "আমাদের গণতন্ত্রে অব্যাহত অংশগ্রহণ এবং সফলতার জন্য আমাদের নির্বাচনসমূহ অত্যাবশ্যকীয়। আমাদের বিশাল ও বৈচিত্র্যময় জনগোষ্ঠীকে কীভাবে সেরা সেবা প্রদান করা যায় সে ব্যাপারে স্টেটব্যাপী পোল ওয়ার্কারদের যথাযথভাবে প্রস্তুত করার মাধ্যমে আমরা নির্বাচনের দিনে সম্মুখীন হতে হয় এমন বহু সাধারণ প্রতিবন্ধকতা অপসারণ করতে পারি যা নিউ ইয়র্কবাসীকে ভোটাধিকার প্রয়োগ করা থেকে নিরুৎসাহিত করে। আমার এবং অ্যাসেম্বলি সদস্য ল্যাট্রিস ওয়াকারের পাশ করানোর বিধিমালার মাধ্যমে আমাদের নিরপেক্ষ পোল ওয়ার্কারদের প্রশিক্ষণে একটি স্টেটব্যাপী আদর্শ সংযোজন করা হলে তা অর্জন করা যাবে বলে আমি আত্মবিশ্বাসী, এবং আমাদের বিল স্বাক্ষর করার মাধ্যমে গভর্নর ক্যাথি হোকল যে এই একই মত পোষণ করেছেন তার জন্য আমি সম্মানিত বোধ করছি।"

অ্যাসেম্বলি সদস্য ল্যাট্রিস ওয়াকার বলেন, "বিলের এই প্যাকেজটি দিয়ে নিউ ইয়র্ক স্টেট ভোটাধিকার সম্প্রসারিত করছে, যখন অন্যান্য স্টেট সক্রিয়ভাবে তা সীমিত করে চলেছে। আমরা এম্পায়ার স্টেটে আরেকবার ভোটাধিকার সম্প্রসারিত করেছি, যখন ওয়াশিংটনে কেউ কেউ এখনো পদক্ষেপ নিচ্ছেন না। আমরা আজকে এটি বলেছি, একযোগে বলেছি, যে নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি ভোট গণনা করা হবে। এটি একটি উদযাপনের বিষয়। নিউ ইয়র্ক স্টেট আরেকবার প্রয়াত প্রতিনিধি জন আর. লুইসের লিগেসিকে সম্মান জানিয়েছে, যিনি বলেছিলেন যে 'ভোট মূল্যবান। এটি প্রায় পবিত্র একটি বিষয়। গণতন্ত্রে আমাদের কাছে থাকা সবথেকে শক্তিশালী অহিংসার হাতিয়ার এটি।' ব্যালটের অ্যাক্সেস বৃদ্ধি করার ব্যাপারে আমার সহকর্মী আইন প্রণেতাদের প্রতিশ্রুতির জন্য তাদেরকে ধন্যবাদ। এবং অবশ্যই গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ।"

বিধিমালা (S. 1733-A/A.5180-A) স্কুলে ভোটার নিবন্ধন এবং প্রাক নিবন্ধনের প্রচারে নীতিমালা গ্রহণ করা স্থানীয় শিক্ষা বোর্ড, সমবায় শিক্ষা বোর্ড Board of Cooperative Educational Services (BOCES), চার্টার স্কুল এবং সরকারি নয় এমন স্কুলের জন্য আবশ্যিক করে।

স্টেটের সিনেটর শেলি বি. মায়ার বলেন, "বিধিমালার এই প্যাকেজে স্বাক্ষর করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে আমাদের গণতন্ত্রের ভবিষ্যৎ বলীয়ান করার প্রতি তার প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর ক্যাথি হোকলের প্রশংসা করছি, যেখানে একটি স্কুলে ভোটার নিবন্ধন ও প্রাক নিবন্ধন কর্মসূচি প্রতিষ্ঠা করার জন্য আমার বিলটি অন্তর্ভুক্ত রয়েছে। শিশু ও তরুণ প্রাপ্তবয়স্করা যাতে নাগরিক জড়িতকরণের অভ্যাস ও গুরুত্ব সম্পর্কে শিখতে পারে তা এবং আমাদের গণতন্ত্রে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করার জন্য তাদের উৎসাহিত করা আমাদের গণতন্ত্রের ভবিষ্যতের জন্য অতি গুরুত্বপূর্ণ। গুরুত্বপূর্ণ এই বিধিমালায় তার অংশীদারিত্বের জন্য অ্যাসেম্বলি সদস্য মনিকা ওয়ালেসকে, নির্বাচনী ব্যবস্থা উন্নত করার জন্য আমার সহকর্মীদের এক প্রতিশ্রুতির জন্য তাদেরকে, এবং বিধিমালার প্রতিটি অংশকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য মনিকা ওয়ালেস বলেন, "একটি বলীয়ান গণতন্ত্রের জন্য প্রয়োজন সকলের বলিষ্ঠ অংশগ্রহণ। বিলটি নিশ্চিত করবে যাতে তরুণ মানুষ যোগ্য হওয়ার সাথে সাথে ভোটদানের জন্য প্রস্তুত থাকে। বিলটি সিনেটে উত্থাপন করার জন্য আমার সহকর্মী সিনেটর শেলি মায়ার এবং গুরুত্বপূর্ণ এই বিধিমালা স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের আমি প্রশংসা করছি।"

বিধিমালা (S. 7550/A. 7690) প্রেসিডেন্সিয়াল প্রাথমিক নির্বাচন নির্ধারণ করে 2 এপ্রিল, 2024 তারিখে।

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "আরো বেশি মানুষ ভোট দিলে নিউ ইয়র্ক আরো ভালো স্থান হয়, এবং আজকে আইন হিসেবে স্বাক্ষর হওয়া বিধিমালাটি আরো ভোট গণনা করতে সাহায্য করবে এবং নির্বাচনে অংশগ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করবে। আমাদের গণতন্ত্রকে নিরাপদ রাখতে এবং সকল যোগ্য ভোটারের কাছে যাতে ব্যালট দান করার এবং তাদের ভোট গণনা

হওয়ার সুযোগ পায় তা নিশ্চিত করার জন্য অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠরা সরকারে আমাদের অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাবে।"

নিউ ইয়র্কবাসীর ভোট রক্ষা করা
বিধিমালা (S. 350/A. 5874) নির্বাচনের ক্ষেত্রে সাংবিধানিক সমস্যায় "ফোরাম ক্রয়" নিষিদ্ধ করে।

স্টেটের সিনেটর রবার্ট জ্যাকসন বলেন, "আমাদের গণতন্ত্রের প্রাণরক্ষা করা আমাদের দায়িত্ব, এবং আমার বিল S350 দিয়ে আমরা নির্বাচন আইন নিয়ে কূটকৌশল করার রীতি শেষ করছি এবং প্রত্যেকের মত গ্রহণ নিশ্চিত করছি। অতি গুরুত্বপূর্ণ এই বিলি স্বাক্ষর করার জন্য আপনাকে ধন্যবাদ, গভর্নর হোকল। আমরা শুধু আইন পাশ করছি না, আমরা বিশুদ্ধতার দেওয়ালকে মজবুত করছি, নির্বাচনের সিদ্ধান্ত যাতে জনগণ গ্রহণ করে, কোনও পক্ষের কৌশল নয়, তা নিশ্চিত করছি।"

বিধিমালা (S. 438/A. 928) "অবিশ্বস্ত নির্বাচকদের" একটি প্রেসিডেন্সিয়াল নির্বাচনের ফলাফল প্রভাবিত করা থেকে নিষিদ্ধ করে। স্টেটের মধ্যে সর্বোচ্চ সংখ্যক ভোটপ্রাপ্ত প্রেসিডেন্সিয়াল প্রার্থীর জন্য নিউ ইয়র্কের 29টি নির্বাচনী ভোট রয়েছে। তবে নির্বাচনী কলেজের জন্য বাছাইকৃত সদস্যরা সর্বোচ্চ সংখ্যক ভোট জিতেনি এমন প্রার্থীকে তাদের নির্বাচনী ভোট প্রদান করে জনগণের গণতন্ত্র পরাভূত করতে পারে এবং করে। এই নতুন আইনের অধীনে, জনগণের ইচ্ছাকে অবজ্ঞা করতে চায় এমন দুর্বৃত্ত নির্বাচকদের পদত্যাগ করতে বাধ্য করা হবে।

স্টেটের সিনেটর জেমস স্কোফিস বলেন, "যখন তথাকথিত "অবিশ্বস্ত নির্বাচকরা" ভোটারদের কর্তৃক বাছাইকৃত প্রার্থীর পরিবর্তে অন্য কাউকে সমর্থন করে, তখন এটি আমাদের সবথেকে গুরুত্বপূর্ণ গণতান্ত্রিক প্রক্রিয়ার অবমূল্যায়ন করে। এটি স্বাক্ষর করার জন্য, এবং আজকের অন্যান্য বহু গুরুত্বপূর্ণ ব্যবস্থার জন্য, নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য অবাধ ও ন্যায্য নির্বাচন সুরক্ষা করার জন্য আমি গভর্নরের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য জোনাথন জ্যাকবসন বলেন, "আমাদের গণতন্ত্র আক্রমণের শিকার হচ্ছে। প্রতিটি এবং প্রত্যেক মানুষের ভোট যাতে উদ্দিষ্ট উপায়ে গণনা করা হয় তা নিশ্চিত করার মাধ্যমে এটি সংরক্ষণ করার ভার আমাদের উপর। নিউ ইয়র্ক স্টেটে প্রেসিডেন্সিয়াল নির্বাচনের ক্ষেত্রে, প্রেসিডেন্ট প্রার্থীর সবথেকে বেশি ভোট পাওয়ার প্রকৃত অর্থ হলো তার নিউ ইয়র্কের সকল নির্বাচনী কলেজের ভোট পাওয়া। নতুন এই আইনটি ভুয়া নির্বাচকদের বেআইনি করে দিবে যাতে করে আমেরিকার ক্রমশ দুর্বল হতে থাকা গণতন্ত্র সুরক্ষায় নিউ ইয়র্ক তার ভূমিকা পালন করবে।"

কমন কজ নিউ ইয়র্কের (Common Cause New York) নির্বাহী পরিচালক সুসান লার্নার বলেন, "গভর্নর ক্যাথি হোকল এবং স্টেটের আইনসভার সাহসী নেতৃত্বের কল্যাণে আজকে নিউ ইয়র্ক আরো বেশি নিউ ইয়র্কবাসীর জন্য ভোটদানের অধিকারকে এনফ্র্যাঞ্চাইজিং করার ব্যাপারে একটি মুখ্য অগ্রগামী ধাপ গ্রহণ করলো। ভোটারবান্ধব বিলের এই প্যাকেজটি পোল ওয়ার্কারদের প্রশিক্ষণ দিতে সাহায্য করবে, শিক্ষার্থী এবং আটক নিউ ইয়র্কবাসীর জন্য ভোটার

নিবন্ধন সহজ করবে, এবং নিউ ইয়র্কবাসীকে মেইলের মাধ্যমে ভোট দিতে দিবে। আমরা জানি মেইলের মাধ্যমে ভোটদান কাজ করে: 2020 সালে কোভিড-19 মহামারীর সম্মুখীন হয়ে নিউ ইয়র্ক সফলভাবে এটি ব্যবহার করেছে। বহু দশকের অভিজ্ঞতাসম্পন্ন একটি নিরপেক্ষ, ভোটাধিকার সংগঠন হিসেবে, কমন কজ নিউ ইয়র্ক জানে যে এটি আমাদের সংবিধানের অধীনে পুরোপুরি বৈধ হওয়ার পাশাপাশি নিউ ইয়র্কের গ্রহণ করার জন্য সঠিক একটি সংশোধন।"

ব্রেনান সেন্টার ফর জাস্টিস, ইলেকশনস অ্যান্ড গভর্নমেন্ট প্রোগ্রামের (Brennan Center for Justice, Elections and Government Program) সিনিয়র কাউন্সেল জোয়ানা ড্যানিস বলেন, "নিউ ইয়র্ক স্টেটে ভোটদান এবং নির্বাচনী প্রশাসন আধুনিকায়ন করতে আমাদের স্টেটের নেতৃবৃন্দের অব্যাহত প্রতিশ্রুতির জন্য ব্রেনান সেন্টার ফর জাস্টিস তাদের প্রশংসা করছে। আজকে গভর্নর যে সাধার বুদ্ধির বিধিমালা প্রণয়ন করেছেন তা পোল ওয়ার্কারের প্রশিক্ষণ উন্নত করে এবং ভোটার নিবন্ধনের ব্যবস্থা করে আমাদের স্টেটের গণতন্ত্রকে বলীয়ান করবে। গুরুত্বপূর্ণ এইসব সংশোধনকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি। নিউ ইয়র্ক এর ভোটারদের পক্ষে উল্লেখযোগ্য অগ্রগতি করে যাচ্ছে, এবং আমাদের গণতন্ত্রের জন্য লড়াই অব্যাহত রাখতে আমরা অ্যালবানিতে আমাদের নেতৃবৃন্দকে তাগিদ দিচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট উইমেন ভোটার্স লীগের (League of Women Voters of New York State) নির্বাহী পরিচালক লরা ল্যাড বিরম্যান বলেন, "সকল নিউ ইয়র্কবাসীর জন্য ভোটদানের অ্যাক্সেস সহজ করার ব্যবস্থা করতে গভর্নর যে নির্বাচন সম্পর্কিত বিধিমালার এই প্যাকেজে স্বাক্ষর করেছেন সেই ব্যাপারে লীগ আনন্দিত। সকল ভোটারের ভোট গণনা করতে দেওয়া আমাদের গণতন্ত্রকে বলীয়ান করার জন্য অতি গুরুত্বপূর্ণ।এই বিলগুলি পাশ করানোর জন্য আইনসভার এবং এখন এগুলিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নরের প্রশংসা করছি "

নিউ ইয়র্ক পাবলিক ইন্টারেস্ট রিসার্চ গ্রুপের (New York Public Interest Research Group, NYPIRG) নির্বাহী পরিচালক ব্লেয়ার হর্নার বলেন, "নিউ ইয়র্কের ভোটার আইনকে বলীয়ান করার জন্য গুরুত্বপূর্ণ বিধিমালাতে গভর্নর হোকলের অনুমোদনের জন্য NYPIRG তার প্রশংসা করছে। অতি সম্প্রতি, ভোটার নিবন্ধন ও শিক্ষার ব্যাপারে নিউ ইয়র্ক দেশের মধ্যে পিছিয়ে আছে বলে গণ্য করা হতো।গুরুত্বপূর্ণ এইসব বিলের অনুমোদনের মাধ্যমে নিউ ইয়র্ক দেশের সেরা নির্বাচনী অনুশীলনের সাথে সামঞ্জস্য রাখার পথে দ্রুত ধাবিত হওয়া অব্যাহত রাখলো।"

###

আনসাবস্ক্রাইব করুন